দৈনিক
ইত্তেফাক

তারিখ 24 AUG 2017
পৃ ১৫ কলাম ৪

# ঢাবির সাবেক প্রক্টরকে পরীক্ষা জালিয়াতির কারণে শাস্তি

■ বিশ্ববিদ্যালয় রিপোর্টার

এমফিল পরীক্ষায় জালিয়াতির অভিযোগ প্রমাণিত হওয়ায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক প্রক্টর অধ্যাপক ড. কেএম সাইফুল ইসলাম খানকে সকল পরীক্ষা এবং থিসিস সুপারভাইজিং এর কার্যক্রম থেকে তিনবছরের জন্য অব্যাহতি দেওয়া হয়েছে। গত ১৬ আগস্ট বিশ্ববিদ্যালয়ের এক সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। একাধিক সিন্ডিকেট সদস্য এ তথ্য নিশ্চিত করেছেন।

সূত্র জানায়, সাইফুল ইসলাম খান এমফিল পরীক্ষায় একজন বাংলা পরীক্ষার্থীর খাতা একজন ইরানী ভিজিটিং পরিদর্শক দিয়ে মূল্যায়ন করান। সেসময় তিনি ওই পরীক্ষা কমিটির সভাপতি ছিলেন। এ হিসেবে তার দায়িত্ব ছিল বাংলাভাষী কোনো প্রফেসর দিয়ে খাতাটি মূল্যায়ন করা। ওই পরীক্ষার্থীকে অধিক নাম্বার দেওয়ার জন্য এমনটি করেন বলে সংশ্লিষ্টরা ধারণা করেন। পরে রেজিস্ট্রার বিল্ডিংয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিস অসঙ্গতি ধরতে পেরে বিষয়টি পরীক্ষা সংক্রান্ত শৃঙ্খলা কমিটিতে পাঠান। সেখানে একটি তদন্ত কমিটি করা হয়। কমিটির সুপারিশ অনুসারে অধ্যাপক সাইফুল ইসলামকে সিন্ডিকেট কমিটি সকল পরীক্ষা কার্যক্রম থেকে তিন বছর অব্যাহতি দেওয়ার সিদ্ধান্ত নেয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং……………………
তারিখ……………………

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর